# সংবাদ

তারিখ ... 05 NOV 2016 ...
পৃষ্ঠা ৩ 2 ... কলাম ... ১ ... ......

## আড়াইহাজারে শিক্ষিকার বেত্রাঘাতে ১০ শিশু আহত : এলাকায় বিক্ষোভ

প্রতিনিধি, আড়াইহাজার (নারায়ণগঞ্জ)

নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজারে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষিকার বেতের আঘাতে তৃতীয় শ্রেণীর ১০ শিশু মারাত্মক ভাবে আহত হয়েছে। ঘটনার প্রেক্ষিতে এলাকার লোকজন শিক্ষিকার বিচারের দাবিতে বিদ্যালয় এলাকায় বিক্ষোভ করেছে।

ঘটনাটি ঘটেছে ২ নভেম্বর বুধবার দুপুরে উপজেলার হাইজাদী ইউনিয়নের ১০নং ধন্ধী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। জানা গেছে,এ দিন দুপুরে তৃতীয় শ্রেণীর ইংরেজি ক্লাসে শিক্ষিকা প্রশ্ন জিজ্ঞাসা করলে বেশির ভাগ ছাত্র-ছাত্রীই তার উত্তর দিতে ব্যর্থ হয়। এতে শিক্ষিকা জান্নাতুল ফেরদৌসী সুরভী ১০জন শিশুকে বেত দিয়ে পেটালে কয়েকজন শিশু অজ্ঞান হয়ে পড়ে। সহপাঠী ও খবর পেয়ে অভিভাবকগণ এসে তাদের মাথায় পানি ঢেলে ও ডাক্তারের কাছে পাঠিয়ে চিকিৎসা দেয়া হয়। স্থানীয়ভাবে চিকিৎসা নেয়া তৃতীয় শ্রেণীর শিশুরা হলো-শ্রাবন্তী, হাসান, সাব্বির ভূইয়া, সুমি,পুষ্প রানী বর্মন, আঁখি আক্তার। এ ঘটনার পর বিকালে অভিভাবকগণ ও এলাকাবাসী ক্ষিপ্ত হয়ে গেলে শিক্ষিকা পালিয়ে যায়। গত বৃহস্পতিবার দুপুরে শিক্ষিকা জান্নাতুল ফেরদৌসী সুরভীর বিচারের দাবিতে এলাকাবাসী ও অভিভাবকগণ বিদ্যালয় এলাকায় বিক্ষোভ করে এবং সেখানে উত্তেজনা বিরাজ করতে থাকে। এ খবর প্রধান শিক্ষক আক্তারুজ্জামান উপজেলা শিক্ষা কর্মকর্তাকে জানান। খবর পেয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা রাফেজা খাতুন ক্লাস্টারের দায়িত্বে থাকা সহকারী শিক্ষা কর্মকর্তা হাফিজাকে ত্বরিত বিদ্যালয়ে পাঠান।

অভিযুক্ত শিক্ষিকা জান্নাতুল ফেরদৌসী সুরভী ঘটনার কথা স্বীকার করেন এবং ভবিষ্যতে আর এ অপরাধ করবেনা বলে অভিভাবক ও স্থানীয় লোকজনদের কাছে ক্ষমা প্রার্থনা করেন। প্রধান শিক্ষক আক্তারুজ্জামান শিক্ষিকা কর্তৃক বেতের আঘাতে ১০ শিশু আহত হওয়ার কথা স্বীকার করেন। তবে প্রতিদিন ক্লাসে বেত ব্যবহার করা হয়নি বলে জানান।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা রাফেজা খাতুন বলেন, ঘটনাটি বুধবার ঘটলেও পরিস্থিতি ঘোলাটে হলে প্রধান শিক্ষক আমাকে বৃহস্পতিবার দুপুরে জানান। তবে দোষী শিক্ষক শিক্ষিকাদের বিরুদ্ধে বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান।